দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 8 1999 ...
পৃষ্ঠা: ১৫ কলাম ৭......

127

# ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পুস্তক বিতরণ

গত বুধবার আজমপুর সরকারী প্রথমিক বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে ক্যান্টনমেন্ট ও উত্তরা থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রধান অতিথি হিসাবে সরকার প্রদত্ত বিনামূল্যের বই বিতরণ করেন এলাকার সংসদ সদস্য এ.কে.এম রহমত উল্লাহ। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট মোঃ আবু হানিফ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তব্য রাখেন ওয়ার্ড কমিশনার ডাঃ হাফিজুল ইসলাম ভুঁইয়া (কুসুম), থানা শিক্ষা অফিসার জনাবা মনোয়ারা বেগম, যুবলীগ নেতা সরদার বেলায়েত হোসেন মুকুল। প্রধান অতিথি বলেন যে, বিদ্যালয়ের আরো একটি নতুন ভবন নির্মাণ, মাঠের অসমাপ্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ ও মাঠ উন্নয়নের ব্যাপারে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুলতান আহমেদ, কুতুব উদ্দিন, হাবিব হাসান, মোঃ নুরুজ্জামান, মোঃ সিরাজুল হক, মুক্তিযোদ্ধা সাদেক, আবুল কাশেম সরকার, গনি হোসেন ও শাহেদুজ্জামান হযরত। - প্রেস বিজ্ঞপ্তি